# জ্বালানি সংকটে চীনের সহায়তা কামনা করেছে বাংলাদেশ



সংগৃহীত ছবি

চলমান বৈশ্বিক সংঘাতের প্রভাব মোকাবিলায় জ্বালানি খাতে চীনের সহায়তা কামনা করেছে বাংলাদেশ। এ বিষয়ে দুই দেশের মধ্যে কূটনৈতিক পর্যায়ে আলোচনা অব্যাহত রয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন।

সোমবার (৯ মার্চ) সচিবালয়ে অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী–এর সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। রাষ্ট্রদূত বলেন, জ্বালানি সংকট সামাল দিতে বাংলাদেশকে সহযোগিতা করতে আগ্রহী বেইজিং। তবে কী ধরনের জ্বালানি সহায়তা প্রয়োজন, সে বিষয়ে নির্দিষ্ট প্রস্তাব জানতে চেয়েছে চীন।

বৈঠকে নতুন সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কয়েকটি উন্নয়ন প্রকল্পও আলোচনায় আসে। অর্থনীতি ও বাণিজ্যসহ বিভিন্ন ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও জোরদারে ইতিবাচক অগ্রগতির কথা জানান তিনি।

তিস্তা প্রকল্প বাস্তবায়নেও চীনের আগ্রহ পুনর্ব্যক্ত করেন রাষ্ট্রদূত। তার ভাষ্য, এটি দুই দেশের জন্যই গুরুত্বপূর্ণ উদ্যোগ এবং দ্রুত কাজ শুরু করার প্রত্যাশা রয়েছে।

এ ছাড়া নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর গত তিন সপ্তাহে অন্তত চারটি চীনা কোম্পানি বাংলাদেশে প্রায় ১০০ মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে বলে জানান ইয়াও ওয়েন। এসব বিনিয়োগ বাস্তবায়িত হলে প্রায় ১০ হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টি হতে পারে। তিনি যোগ করেন, বাংলাদেশে চীনা বিনিয়োগের ধারা অব্যাহত থাকবে এবং ভবিষ্যতে এর পরিমাণ আরও বাড়বে।

LENS ASIA